# সংবাদ

তারিখ ... 20 MAY 2003
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৪

## শিক্ষা মন্ত্রণালয়ের গোপন তথ্য

নিজস্ব বার্তা পরিবেশক : প্রধানমন্ত্রীর ঘোষণার সঙ্গে শিক্ষা মন্ত্রণালয়ের নীতির কোন মিল নেই। সোমবার সাউথ এশিয়া ফ্রি মিডিয়া কনফারেন্সে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বক্তৃতায় বলেছেন, 'এদেশের মিডিয়া এখন সত্যি সত্যিই ফ্রি, তথ্য ও সংবাদের জন্য ঢাকা হচ্ছে পুরোপুরি 'ফ্রি সিটি।' প্রধানমন্ত্রীর এ বক্তব্যের পরও শিক্ষা মন্ত্রণালয় ছোটখাটো তথ্য দিয়েও সাংবাদিকদের সহায়তা করতে চায় না।

এইচএসসি পরীক্ষায় নকল রোধের জন্য নানাবিধ পরিকল্পনা গ্রহণ করেছে। এ পরীক্ষায় নকলপ্রবণ কেন্দ্রগুলোর একটি তালিকাও তৈরি করা হয়েছে। কিন্তু এই তালিকাটি নিয়ে সাংবাদিকদের সঙ্গে লুকোচুরি খেলা হচ্ছে।

শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম সচিব রফিকুল

তথ্য : পৃঃ ২ কঃ ১

### তথ্য : গোপন

( ১ম পৃষ্ঠার পর )

ইসলাম ও সিনিয়র সহকারী সচিব গোলাম মোস্তফা কেউই এই তালিকাটি সাংবাদিকদের দেননি। গোলাম মোস্তফার কাছে তালিকাটি চাইলে তিনি বলেন, রফিকুল ইসলামের অনুমতি ছাড়া দেয়া সম্ভব নয়। পরে রফিকুল ইসলামের কাছে তালিকাটি চাইলে তিনি বলেন, অত্যন্ত গোপনীয়। এটি দেয়া সম্ভব নয়। তিনি অবশ্য এই সময় তার অধীনস্থ সহকারী সচিব গোলাম মোস্তফাকে তার কাছে সাংবাদিক পাঠানোর জন্য শাসিয়ে দেন।